১৪/৩৭/২০৯ - ০৪

দৈনিক
ইত্তেফাক

তারিখ 10 OCT 2007
পৃষ্ঠা ২ কলাম ৬

# চৌদ্দ সরকারি মেডিক্যাল কলেজে ২০৬০ আসনে প্রার্থী ২৪ হাজার

## এমবিবিএস ভর্তি পরীক্ষা ২৬ অক্টোবর

॥ আবুল খায়ের ॥

দেশের ১৪টি সরকারি মেডিক্যাল কলেজে এমবিবিএস ভর্তি পরীক্ষার আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ মঙ্গলবারে ২০৬০ আসনে ২৪ হাজার ৩৭১টি আবেদনপত্র জমা পড়েছে। ২৬ অক্টোবর একযোগে ১৪টি মেডিক্যাল কলেজে এক ঘণ্টার ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। গত বছর ভর্তি পরীক্ষায় ১৯ হাজার ছাত্র-ছাত্রী অংশগ্রহণ করেছিল। এই বছর আরও পাঁচ সহস্রাধিক বেশি ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করছে। ভর্তি পরীক্ষার কিছু নতুন নিয়ম রয়েছে। প্রতি ভুল উত্তরের জন্য দশমিক ২৫ নম্বর কাটা যাবে। (২য় পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## চৌদ্দ সরকারি

(প্রথম পৃঃ পর)

আগে এই নিয়ম ছিল না বলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জানিয়েছেন। সর্বাধিক ভর্তির আবেদন পড়েছে শেরেবাংলা নগর বেগম খালেদা জিয়া সরকারি মেডিক্যাল কলেজে। এই মেডিক্যাল কলেজে মোট আবেদনপত্র জমা পড়েছে ৩৯৪০টি। এছাড়া ঢাকা মেডিক্যাল কলেজে ৩৯৩৩টি, স্যার সলিমুল্লাহ মেডিক্যাল কলেজে ২৩৮৪টি, চট্টগ্রাম মেডিক্যাল কলেজে ২৬০৯টি, ময়মনসিংহ মেডিক্যাল কলেজে ১৪৬৩টি, রাজশাহী মেডিক্যাল কলেজে ২১০০টি, সিলেট এমএজি ওসমানী মেডিক্যাল কলেজে ১০০৯টি, বরিশাল শেরে বাংলা মেডিক্যাল কলেজে ৫৭১টি, রংপুর মেডিক্যাল কলেজে ১৪৬০টি, খুলনা মেডিক্যাল কলেজে ১৭০০টি, বগুড়া শহীদ জিয়া মেডিক্যাল কলেজে ৯৩৬টি, কুমিল্লা মেডিক্যাল কলেজে ১৫১০টি, ফরিদপুর মেডিক্যাল কলেজে ৩০৪টি ও দিনাজপুর মেডিক্যাল কলেজে ৪৫২টি আবেদনপত্র জমা পড়েছে। ২০৬০টি আসনের মধ্যে উপজাতীয়দের জন্য ২০টি ও মুক্তিযোদ্ধা সন্তানের জন্য ৪০টি এবং সাধারণ ছাত্র-ছাত্রীদের জন্য ২০০০ আসন নির্ধারিত।

মৌখিক পরীক্ষা হবে না। একশ নম্বরের ভর্তি পরীক্ষায় ৮০ ভাগ মেধাভিত্তিক ও ২০ ভাগ জেলা কোটাভিত্তিক ভর্তির সুযোগ পাবে। কেন্দ্র থেকে জেলা পর্যন্ত সকল মেডিক্যাল কলেজে মনিটরিং ব্যবস্থা থাকবে। এই ব্যবস্থায় তাৎক্ষণিক যোগাযোগ থাকবে কেন্দ্রীয় প্রশাসনের সঙ্গে। সেই সঙ্গে থাকবে র‍্যাব ও পুলিশ সদস্য মোতায়েন। এমবিবিএস ভর্তি পরীক্ষার আগে কিছু কোচিং সেন্টার প্রশ্নপত্র ফাঁসের নামে ফটোকপি বিক্রি করে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়। এই সকল কোচিং সেন্টারের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত হয়েছে। ঐ সকল কোচিং সেন্টারের প্রতি এখন থেকে নজরদারি শুরু করা হয়েছে। এই ব্যাপারে স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (মেডিক্যাল এডুকেশন) অধ্যাপক ডা. শিফায়েত উল্লাহ বলেছেন, এমবিবিএস ভর্তি পরীক্ষায় কোন ধরনের অনিয়ম হওয়ার সুযোগ নেই। ছাত্র-ছাত্রীদের অসাধু কোচিং সেন্টারের খপ্পরে না পড়ে সরাসরি নিজের যোগ্যতায় পরীক্ষায় অংশগ্রহণের আহ্বান জানান তিনি। এতে তারা নিজেরাই লেখাপড়া করে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করলে পরীক্ষায় ভাল ফলাফল করতে পারবে কয়েকটি কোচিং সেন্টারের প্রতি কড়া নজর দারিতে র‍্যাব ও পুলিশকে দায়িত্ব দেয়া হয়েছে। এছাড়া পরীক্ষা চলাকালীন, আগে ও পরে র‍্যাব ও পুলিশ দায়িত্ব পালনে থাকবে বলে জানা যায়।